আমি কখনো কোন ইমামের পিছনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চেয়ে অধিক সংক্ষিপ্ত ও পরিপূর্ণ সালাত আদায় করিনি।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত: “আমি কখনো কোন
ইমামের পিছনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চেয়ে অধিক সংক্ষিপ্ত ও
পরিপূর্ণ সালাত আদায় করিনি”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সহজ করার নির্দেশ দিতেন এবং কথা ও কাজের মাধ্যমে তার প্রতি দাওয়াত দিতেন। তার সহজীকরণের একটি হলো ইবাদাতের যথাযথ হক আদায় ও পুরিপূর্ণ করার সত্বেও সালাতে সংক্ষিপ্ত করণ। তাই আনাস ইবন মালেক বড় ইমাম মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপেক্ষা কোন ইমামের পিছনে অধিক সংক্ষিপ্ত সালাত আদায় করার অভিজ্ঞতাকে প্রত্যাখ্যান করছেন, যেমন তার সালাত মুক্তাদিদের ওপর কঠিন হত না, ফলে তারা সালাতের আগ্রহ নিয়েই তা শেষ করত। “আর না তার সালাত থেকে পরিপূর্ণ সালাত” তিনি সালাত পরিপূর্ণরূপে আদায় করতেন, তাতে কোন বিঘ্ন ঘটাতেন না। বরং তিনি সালাতের ওয়াজিব ও মুস্তাহাবসমূহের পুরোপুলো হিফাযত করতেন। এটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বরকতের প্রভাব।

http://sunnah.global/hadeeth/bn/show/5381